**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-08-2024**
**Time: 07.20-07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayat Election:**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ গতকাল শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। সর্বশেষপ্রাপ্ত তথ্য অনুযায়ী পঞ্চায়েত নির্বাচনে ভোটের হার ৭৯.০৬ শতাংশ। ত্রিস্তর পঞ্চায়েতে মোট ৬ হাজার ৯০৯টি আসনের মধ্যে গতকাল ২ হাজার ১০৩টি আসনে ভোট গ্রহণ করা হয়। প্রার্থী ছিলেন মোট ৪ হাজার ৭৬১ জন প্রার্থী। বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। রাজ্যের ৩৫টি ব্লকে মোট ২ হাজার ২১৯টি ভোট কেন্দ্রে গতকাল ভোট গ্রহণ করা হয়। ভোটগণনা হবে আগামী ১২ই আগষ্ট।

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী জানিয়েছেন, কুমারঘাট ব্লকের মশাউলিতে লক্ষ্মীপুর এস বি স্কুলের একটি ভোট কেন্দ্রে ব্যালট পেপার বিভ্রাটের কারণে গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোট গ্রহণ করা যায়নি। তবে এই ভোট কেন্দ্রে পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদ নির্বাচনে ভোট গ্রহণ করা হয়েছে। শ্রী চৌধুরী জানান, ঊনকোটি জেলা নির্বাচনী আধিকারিকের কাছ থেকে এবিষয়ে রিপোর্ট পাবার পরই ঐ ভোটকেন্দ্রে গ্রাম পঞ্চায়েতের নির্বাচনের ভোট গ্রহণ পুনরায় গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

******************

**BJP-Press Meet :**

রাজ্যের পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে বলে বিজেপি'র মুখ্য প্রবক্তা সুব্রত চক্রবর্তী গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে দাবি করেছেন। তিনি নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ায় রাজ্যের নির্বাচন কমিশন, সাধারণ প্রশাসন, পুলিশ প্রশাসন এবং নির্বাচনের সঙ্গে যুক্ত সবাইকে ধন্যবাদ জানিয়েছেন।

******************

**Congress Press Meet:**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা অভিযোগ করেছেন শাসকদল বিজেপি ৭১ শতাংশ আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হলেও গতকাল গণতান্ত্রিক উপায়ে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সংগঠিত করতে দেয়নি। গতকাল রাতে প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ করেন তিনি। তাঁর মতে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে প্রহসনে পরিণত করেছে শাসক দল ।

******************

**CPIM Press Meet :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী গতকাল সন্ধ্যায় আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছেন শাসক দল বিজেপি ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে প্রহসনে পরিনত করেছে। যে সমস্ত ভোটকেন্দ্রে সন্ত্রাসের কারণে ভোটাররা ভোট

দিতে আসতে পারেনি সেই সমস্ত ভোটকেন্দ্রে পুনরায় ভোট গ্রহনের জন্য শ্রী চৌধুরী দাবি জানিয়েছেন।

*****************

**Har Ghar Tiranga:**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে হর ঘর তিরঙ্গা কর্মসূচি পালিত হচ্ছে। তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ চক্রবর্ত্তী গতকাল সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে জানান, হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে রয়েছে জাতীয় পতাকা নিয়ে পদযাত্রা, সাইকেল র‍্যালি, মোটর বাইক র‍্যালি ও তিরঙ্গা রান। তাছাড়া রয়েছে সঙ্গীতানুষ্ঠান তিরঙ্গা কনসার্ট, তিরঙ্গা ক্যানভাস। তিরঙ্গা ক্যানভাসে জনসাধারণের সাক্ষর সম্বলিত হর ঘর তিরঙ্গা অথবা জয় হিন্দ লেখা পোষ্টার বিভিন্ন জায়গায় লাগানো হবে। ৯ই থেকে আগামী ১৩ই আগস্ট জেলা, প্রশাসনের উদ্যোগে সব জেলায় তিরঙ্গা মেলার আয়োজন করা হবে।

*****************

**Bangladesh:**

নোবেল বিজয়ী মুহাম্মদ ইউনূস বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে শপথ নিয়েছেন। গতকাল সন্ধ্যায় ঢাকার বঙ্গভবনে বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন তাঁকে শপথবাক্য পাঠ করান। অনুষ্ঠানে বিভিন্ন দেশের কূটনীতিকরা উপস্থিত ছিলেন। ১৯৪০ সালের ২৮ জুন জন্মগ্রহণ করেন মুহাম্মদ ইউনূস । তিনি একজন বাংলাদেশী উদ্যোক্তা, ব্যাংকার এবং অর্থনীতিবিদ। তিনি ২০০৬ সালে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা এবং ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্রঋণের

ধারণাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে বাংলাদেশের নবগঠিত অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণ করায় অভিনন্দন জানিয়েছেন। শ্রী মোদি শুভেচ্ছা বার্তায় আশা প্রকাশ করেন যে বাংলাদেশ হিন্দু এবং অন্যান্য সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করে দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে । উভয় দেশের জনগণের আশা আকাঙ্খা পূরণে এবং শান্তি, নিরাপত্তা ও উন্নয়নের জন্য ভারত বাংলাদেশের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ বলেও উল্লেখ করেন তিনি।

******************

**World Adibashi Diwas :**

আজ বিশ্ব আদিবাসী দিবস। এই উপলক্ষ্যে স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগে আজ সকালে খুমুলুং ডুকমালি হাটি থেকে নুডাই অডিটোরিয়াম হল পর্যন্ত চিরাচরিত পোষাকে সজ্জিত হয়ে বিভিন্ন সম্প্রদায়ের আদিবাসিরা বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশ নিয়েছেন। তাছাড়া খুমুলুং-এ এডিসি আয়োজিত বিশ্ব আদিবাসি দিবস অনুষ্ঠানের উদ্বোধন করবেন সমবায় দপ্তরের নির্বাহী সদস্য অনন্ত দেববর্মা।

বিশ্ব আদিবাসি দিবস উপলক্ষ্যে এডিসি চেয়ারম্যান জগদীশ দেববর্মা, মুখ্যনির্বাহী সদস্য পূর্নচন্দ্র জমাতিয়া ও তথ্য সংস্কৃতি নির্বাহী সদস্য সুহেল দেববর্মা জনগনের শুভেচ্ছা জানিয়েছেন।

******************

**I&B DG:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উত্তর-পূর্বাঞ্চলের মহানির্দেশক কে. সতীশ নাম্বুদ্রিপাদ গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহার সঙ্গে তাঁর সরকারি বাসভবনে সাক্ষাৎ করেন। এর আগে তিনি পিআইবি ও সিবিসি কার্যালয় পরিদর্শন করেন এবং এই দুটি বিভাগের কার্যক্রম পর্যালোচনা করেন।

******************

**Olympic:**

৩৩ তম প্যারিস অলিম্পিকে পুরুষদের জ্যাভলিন থ্রোতে ভারতের নীরজ চোপড়া রৌপ্য পদক লাভ করেছেন । নীরজ চোপড়া টোকিও ২০২০'র অলিম্পিকে এই বিভাগে স্বর্ণপদক বিজয়ী ছিলেন।

এদিকে প্যারিস অলিম্পিকে ভারতীয় দল গতকাল ২-১ গোলে স্পেনকে হারিয়ে ব্রোঞ্জ পদক লাভ করে। উল্লেখ্য, ভারতীয় হকি দল ২০২০ সালের টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ পদক বিজয়ী ছিল।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্যারিস অলিম্পিকে ব্রোঞ্জ পদক অর্জনের জন্য ভারতীয় হকি দলকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন, ভারতীয় হকি দল ভারতকে গর্বিত করেছে এবং ভারতীয় হকির পুনরুত্থানের জন্য তারা সর্বোচ্চ প্রশংসার দাবিদার।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও ভারতীয় হকি দলকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, ভারতীয় হকি দলের এই সাফল্য, দক্ষতা, অধ্যবসায় এবং দলের চেতনার

জয়৷ তিনি বলেন এই পদকটি আরও বিশেষ কারণ, এটি অলিম্পিকে ভারতীয় হকি দলের টানা দ্বিতীয় পদক। তিনি বলেন যে হকির সঙ্গে সমস্ত ভারতীয়র একটি মানসিক সংযোগ রয়েছে এবং এই পদকটি আমাদের দেশের যুবাদের মধ্যে খেলাটিকে আরও জনপ্রিয় করে তুলবে।

*******************

*******************